

ইউল্যাব বাংলা বিভাগের নবীনবরণে তারার মেলা

প্রেস রিলিজ

১৮ জুন ২০২৩ ০৮:৫১ পিএম | আপডেট: ১৮ জুন

২০২৩ ০৮:৫১ পিএম

1
Shares



ইউল্যাব বাংলা বিভাগের নবীনবরণে তারার মেলা। ছবি: সংগৃহীত

advertisement..

ইউল্যাবের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ সামার সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ করতে এবং বর্ষাখাতুর আগমনকে স্বাগত জানাতে গত ১৪ জুন নবীনবরণ ও বর্ষাবরণ অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে বাংলা নাটকের জনপ্রিয় তারকাদের উপস্থিতি অনুষ্ঠানকে প্রাঞ্জল করে তোলে। ইউল্যাব বোর্ড অব ট্রাস্টিজের বিশেষ উপদেষ্টা অধ্যাপক ড. সামসাদ মর্তুজা স্বাগত বক্তব্যে বাংলা অধ্যায়নের গুরুত্ব তুলে ধরেন।

advertisement

তিনি বলেন, শুধু বাংলা ভাষার উপর দক্ষতাই নয়, বাংলার কৃষ্টি, ক্ষুদ্র-নৃগোষ্ঠির সাহিত্য, অনুবাদ, প্রকাশনা, সাংবাদিকতার কলাকৌশল ও চলচ্চিত্র নির্মানসহ সমসাময়িক বিষয়ে দক্ষতা অর্জনের পাশাপাশি একজন বিশ্বনাগরিক হয়ে উঠবার সুযোগ পাবে।

এ অনুষ্ঠানে জনপ্রিয় নাট্যজন তারিন, সাজু খাদেম, হাদিহকসহ ‘৭১ সেই সব দিন’ চলচ্চিত্রের কলাকুশলীলবরা নবীনদের জন্য অনুপ্রেরণামূলক বক্তৃব্য দেন। অনুষ্ঠানে ‘৭১ সেই সব দিন’ চলচ্চিত্রের প্রোমো প্রদর্শন করা হয়। বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের উপদেষ্টা অধ্যাপক শামীম রেজা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন।